

তৃতীয় বছরে এয়ার অ্যাস্ট্রা

- A Monitor Desk Report

Date: 25 November, 2024



ঢাকাঃ দ্বিতীয় বর্ষপূর্তি উদযাপন করলো দেশের নবীনতম বেসরকারি এয়ারলাইন্স এয়ার অ্যাস্ট্রা।

রবিবার (২৪ নভেম্বর) দ্বিতীয় বর্ষপূর্তি উদযাপন করেছে প্রতিষ্ঠানটি। যাত্রার শুরু থেকেই এয়ার অ্যাস্ট্রা বাংলাদেশে বিমান পরিবহনে নতুন মাত্রা যোগ করেছে, নিরাপত্তা এবং গ্রাহক সন্তুষ্টির নতুন মানদণ্ড স্থাপন করেছে।

এয়ার অ্যাস্ট্রা জানায়, দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষ্যে এয়ার অ্যাস্ট্রা যাত্রীদের জন্য ইন-ফ্লাইট উদযাপন আয়োজন করে। এয়ারলাইন্সটি ইন-ফ্লাইটে জনপ্রিয় ব্যান্ড সংগীতশিল্পী পলাশ নূরের লাইভ মিউজিক এবং তরুণ ও প্রতিভাবান জাদুকর ম্যাজিক রাজিকের জাদু প্রদর্শনের মাধ্যমে যাত্রীদের সঙ্গে বর্ষপূর্তি উদযাপন করে।

এয়ার অ্যাস্ট্রার সিইও ইমরান আসিফ বলেন, যাত্রীদের অভিজ্ঞতা আরও উন্নত করার জন্য এয়ার অ্যাস্ট্রা ক্রমাগত তাদের অন-টাইম পারফর্মেঞ্চ উন্নত করেছে, পাশাপাশি এয়ারক্রাফটের সংখ্যাও বৃদ্ধি করেছে এবং ফ্রিকোয়েন্ট ফ্লায়ার প্রোগ্রাম 'অর্বিট' এবং ইন-ফ্লাইট ম্যাগাজিন 'সেলেস্টার' চালু করেছে।

তিনি বলেন, স্বীকৃতি হিসেবে এয়ার অ্যাস্ট্রা এরই মধ্যে আইওএসএ নিবন্ধন অর্জন করেছে এবং বাংলাদেশের সর্বকনিষ্ঠ আইএটিএ সদস্য এয়ারলাইন্স হয়েছে। ভবিষ্যতে আমরা অসাধারণ সেবা প্রদান, আমাদের নেটওয়ার্ক সম্প্রসারণ এবং শিল্পের নতুন মানদণ্ড স্থাপনের প্রতি অঙ্গীকারবদ্ধ।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে এয়ার অ্যাস্ট্রা জানায়, তৃতীয় বছরে যাত্রীদের জন্য অনন্য সেবা প্রদান এবং আরও গন্তব্যস্থল সংযুক্ত করার প্রতি অঙ্গীকারবদ্ধ তারা। নিরাপত্তা এবং গ্রাহক সন্তুষ্টির ওপর জোর দিয়ে এয়ার অ্যাস্ট্রা বাংলাদেশে বিমান পরিবহনের ভবিষ্যতকে আরও সমৃদ্ধ করতে চায়।

